

## পৌরসভা সাধারণ নির্বাচন ২০০৪ এর বিস্তারিত বিষয়াবলী

১। পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ এর ৭ ধারা অনুযায়ী কোন পৌরসভার মেয়াদ উহার ১ম সভা হতে ৫ বৎসর। তাছাড়া পৌরসভা অধ্যাদেশ ১৯৭৭ এর ২৪ ধারা অনুসারে মেয়াদ উত্তীর্ণ পৌরসভার নির্বাচন মেয়াদ উত্তীর্ণের পরবর্তী ১৮০ দিনের মধ্যে অনুষ্ঠানের বিধান রহিয়াছে।

২। ২০০৪ সালে নির্বাচন অনুষ্ঠানের জন্য সর্ব প্রথম মেয়াদ উত্তীর্ণের তারিখ- ১৫ মার্চ ২০০৪(শেরপুর জেলার শেরপুর পৌরসভা)

৩। সুতরাং ১৫ মার্চ ২০০৪ তারিখ হইতে পরবর্তী ১৮০দিন পর্যন্ত সময় ১১ সেপ্টেম্বর ২০০৪ তারিখ পর্যন্ত। অর্থাৎ যে পৌরসভার মেয়াদ সর্বপ্রথম ১৫ মার্চ ২০০৪ তারিখে সমাপ্ত হইবে সে পৌরসভার নির্বাচন আইনানুসারে (মার্চ - ১৬ +এপ্রিল- ৩০ + মে - ৩১ + জুন - ৩০ + জুলাই- ৩১+আগষ্ট-৩১+সেপ্টেম্বর-১১) =১৮০দিন অর্থাৎ ১১ সেপ্টেম্বর ২০০৪ তারিখের মধ্যে অনুষ্ঠান করিতে হইবে।

৪। ০৪ মার্চ ২০০৪ তারিখ হইতে এস এস সি পরীক্ষা শুরু হইবে এবং শেষ হইবে ০৮ এপ্রিল ২০০৪ তারিখে। আবার ১৫ মে ২০০৪ তারিখ হইতে এইচ এস সি পরীক্ষা শুরু হইবে। যেহেতু বেশ কয়েকদিন ব্যাপী পৌরসভা সাধারণ নির্বাচন ২০০৪ অনুষ্ঠিত হইবে সেহেতু ০৫ মে ২০০৪ তারিখ পর্যন্ত সময়কালে দেশের ১৩৪টি পৌরসভার মেয়াদ উত্তীর্ণ হবে (১৩৪ টি পৌরসভা সংক্রান্ত তথ্যাবলী সংযুক্ত পতাকা 'ক')। উক্ত ১৩৪টি পৌরসভার মেয়াদ উত্তীর্ণের তারিখ ভিত্তিক ও বিভাগ ভিত্তিক তালিকা সংযুক্ত পতাকা 'খ'।

৫। উলিখিত সময়কালের মধ্যে নিম্নলিখিত উৎসব, পর্ব, জাতীয় বিশেষ দিবস এবং পাবলিক পরীক্ষার দিনসমূহ রহিয়াছে :

(ক)	এস.এস.সি পরীক্ষা	-	০৪ মার্চ হতে ০৮ এপ্রিল ২০০৪
(খ)	স্বাধীনতা ও জাতীয় দিবস	-	২৬ মার্চ ২০০৪
(গ)	পূণ্য বৃহস্পতিবার	-	০৮ এপ্রিল ২০০৪
(ঘ)	পূণ্য শনিবার	-	১০ এপ্রিল ২০০৪
(ঙ)	চৈত্র সংক্রান্তি	-	১৩ এপ্রিল ২০০৪
(চ)	বাংলা নববর্ষ	-	১৪ এপ্রিল ২০০৪
(ছ)	আখেরী চাহার সোম্বা	-	২১ এপ্রিল ২০০৪
(জ)	মে দিবস	-	০১ মে ২০০৪
(ঝ)	ঈদ-ই-মিলাদুন্নবী	-	০৩ মে ২০০৪
(ঞ)	বৌদ্ধ পূর্ণিমা	-	০৩ মে ২০০৪
(ট)	এইচ. এস.সি পরীক্ষা	-	১৫ মে ২০০৪ হতে শুরু সম্ভাবনা
(ঠ)	ফাতেহা ইয়াজদাহম	-	৩১ মে ২০০৪
(ড)	আষাঢ়ী পূর্ণিমা	-	০১ জুলাই ২০০৪
(ঢ)	জন্মাষ্টমী	-	০৬ সেপ্টেম্বর ২০০৪

৬। বর্তমানে প্রচলিত বিধি-বিধানের আলোকে পৌরসভার আসন্ন সাধারণ নির্বাচন অনুষ্ঠান করিতে হইবে। এই নির্বাচন হইবে দেশব্যাপী ৭ম পৌরসভা সাধারণ নির্বাচন। দেশব্যাপী বিগত পৌরসভা সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের তারিখসমূহ নিম্নে উল্লেখ করা হইল :

(ক)	১ম সাধারণ নির্বাচন	:	৩১ ডিসেম্বর ১৯৭৩
(খ)	২য় সাধারণ নির্বাচন	:	১৩ আগষ্ট ১৯৭৭
(গ)	৩য় সাধারণ নির্বাচন	:	১১ ফেব্রুয়ারী ১৯৮৪
(ঘ)	৪র্থ সাধারণ নির্বাচন	:	২৮ জানুয়ারী ১৯৮৯
(ঙ)	৫ম সাধারণ নির্বাচন	:	৩০ জানুয়ারী ১৯৯৩
(চ)	৬ষ্ঠ সাধারণ নির্বাচন	:	২৩-২৫ ফেব্রুয়ারী ১৯৯৯

৭। আসন্ন পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সময়সূচী নির্ধারণে উলিখিত বিষয়াদি বিবেচনা করা যায়। এখানে উল্লেখ্য যে, ইতোপূর্বে অনুষ্ঠিত প্রথম চারবার পৌরসভা সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের জন্য শুধুমাত্র একটি দিন নির্ধারিত ছিল। কেবল ৬ষ্ঠ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের জন্য তিনদিন নির্ধারিত ছিল। এবারের নির্বাচনে ভোটগ্রহণের জন্য সাতদিন নির্ধারণ করা যায় যাহা ০৫,০৬, ০৮,০৯,১০,১১ ও ১২ মে ২০০৪ তারিখে অথ্যাৎ ছুটি, আবহাওয়া এবং নির্বাচনী কর্মকর্তাদের নির্বাচন পরিচালনার সুবিধার্থে উক্ত ০৭ দিন ব্যাপী ১৩৪টি পৌরসভার নির্বাচন অনুষ্ঠান করা সমীচীন হইবে বলিয়া প্রতীয়মান হয়। আর মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ১১ এপ্রিল ২০০৪ তারিখ নির্ধারণ করা যায়। উক্ত নির্বাচনের জন্য স্থানীয় সরকার বিভাগ পৌরসভা নির্বাচন বিধিমালায় একাধিক দিনে মনোনয়নপত্র দাখিল, জালভোটের শাস্তি বৃদ্ধি, আচরন বিধিমালা লংঘনের বৃদ্ধিসহ কতিপয় বিধি সংশোধন করা হয়(সংশোধনীর কপি সংযুক্ত পতাকা 'গ')।

৮। উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য ফেব্রুয়ারী ২০০৪ মাসের শেষ সপ্তাহ অথবা মার্চ ২০০৪ মাসের ১ম সপ্তাহের কোন ১(এক)দিনে নির্বাচনী তফসিল ঘোষনা করা যায়।